

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০১৫ খ্রিঃ

নং ১৪.০০.০০০০.০১২.০১৪.০২২.১৫-২০৬—ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন বিটিআরসি কর্তৃক বাস্তবায়নাধীন “বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ” শীর্ষক প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য দিক নির্দেশনা প্রদান, অগ্রগতির মূল্যায়ন এবং সমস্যাসমূহের সমাধানের নিমিত্তে স্টিয়ারিং কমিটি নিম্নরূপে গঠন করা হলোঃ

(ক) কমিটির গঠন :

(১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	আহ্বায়ক ও সভাপতি
(২) কমিশনার (এসএম), বিটিআরসি	সদস্য
(৩) পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি	সদস্য
(৪) বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি	সদস্য
(৫) অর্থ বিভাগের প্রতিনিধি	সদস্য
(৬) অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি	সদস্য
(৭) সশস্ত্র বাহিনী বিভাগ এর প্রতিনিধি	সদস্য
(৮) প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প, বিটিআরসি	সদস্য
(৯) যুগ্ম প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	সদস্য সচিব

(৫৮১৩)

মূল্য : টাকা ৪.০০

(খ) কমিটির কার্যপরিধি :

- (ক) সার্বিক কার্যক্রম তদারকী করা;
- (খ) প্রকল্পের কার্যক্রম পর্যালোচনা ও বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করা;
- (গ) প্রকল্প বাস্তবায়নে সমস্যাসমূহ চিহ্নিত করা ও সমস্যা সমাধান করা;
- (ঘ) প্রকল্পের অর্জিত অগ্রগতি মূল্যায়ন করা;
- (ঙ) প্রকল্পের মনিটরিং কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা করা;
- (চ) কমিটি প্রয়োজনে সদস্য সহ-যোজন (Co-opt) করতে পারবে।

২। প্রতি ২(দুই) মাসে একবার এই কমিটির সভা অনুষ্ঠিত হবে। তবে বিশেষ প্রয়োজনে সভাপতি জরুরী সভা আহ্বান করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নূরুন নাহার
সহকারী প্রধান।